তারিখ 12 MAY 1997
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক ইত্তেফাক

# চট্টগ্রাম ভার্সিটিতে অচলাবস্থা অব্যাহত ॥ কর্তৃপক্ষ নীরব

সালাউদ্দিন রেজা ॥ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অচলাবস্থা অব্যাহত রহিয়াছে। এক সপ্তাহ অতিবাহিত হইতেছে অথচ প্রশাসন এখন পর্যন্ত কোন আলোচনা বৈঠক বা সমস্যা নিরসনের উদ্যোগ গ্রহণ করেন নাই। ভর্তিচ্ছু নবাগতদের চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সবুজ আঙ্গিনায় স্বাগত জানাইতে গিয়া দুইটি ছাত্র সংগঠনের কর্মীদের মধ্যে প্রথমে বাকযুদ্ধ, হাতাহাতি, সবশেষে অস্ত্রের মহড়া নবীনদের হতাশ করিয়াছে। নবীনদের যে ফুলের পাপড়ি বর্ষণ করা হইয়াছিল তাহা কাঁটা হইয়া দাঁড়ায়। যাহার ফলশ্রুতিতে পরবর্তী দিনগুলির ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী ছাত্রছাত্রীদের সংখ্যা অর্ধেকে নামিয়া যায়।

বিশ্ববিদ্যালয়ের শান্তি-শৃংখলা বজায় রাখার লক্ষ্যে বিভিন্ন ছাত্র সংগঠনের নেতৃবৃন্দকে এক টেবিলে বসাইয়া পারস্পরিক সহ-অবস্থানের পথ সুগম করার মুখ্য দায়িত্ব বিশ্ববিদ্যালয় প্রশাসনের। বিশ্ববিদ্যালয়ের শান্তি বিনষ্টকারীদের খুঁজিয়া বাহির করা এবং একাডেমিক ব্যবস্থা নেওয়ার প্রধান দায়িত্ব বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের। কিন্তু গত ৫ মে ছাত্রলীগ ও ছাত্র শিবিরের মধ্যে সংঘটিত সংঘর্ষের ব্যাপারে বিশ্ববিদ্যালয় প্রশাসনের যেন কোন দায়িত্ব নাই। জেলা প্রশাসক ইতিমধ্যে ৩ সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করিয়াছেন। ডিআইজি স্বয়ং পুলিশের ভূমিকার ব্যাপারে তদন্ত চালাইতেছেন। কিন্তু বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ নীরব। ছাত্রশিবির হলসমূহ তথা ক্যাম্পাস দখল করিয়া রাখিয়াছে। হলসমূহে তাহাদের পাহারা জোরদার করিয়াছে।

অপরদিকে ক্যাম্পাসের বাহিরে ১ নং সড়ক এলাকায় চলিতেছে ছাত্রলীগের অবরোধ। বিশ্ববিদ্যালয় অভিমুখী যানবাহন চলাচল অবরোধের কারণে সম্পূর্ণ বন্ধ রহিয়াছে। ক্লাসসহ প্রশাসনিক কাজকর্ম বন্ধ রহিয়াছে।

## আজ শিক্ষক প্রতিনিধি নির্বাচন

আজ (সোমবার) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট, একাডেমিক কাউন্সিল ও ফিন্যান্স কমিটিতে শিক্ষক প্রতিনিধিদের নির্বাচন। আওয়ামী লীগ সমর্থিত ও বাঙ্গালী জাতীয়তাবাদে বিশ্বাসী 'গোলাপী' এবং বি এন পি সমর্থিত ও বাংলাদেশী জাতীয়তাবাদে বিশ্বাসী 'সাদা' এই দুইটি প্যানেল হইতে ১১টি পদের জন্য ২২ জন প্রতিদ্বন্দ্বিতা করিতেছেন। সিন্ডিকেটের ৪টি পদের জন্য গোলাপী পানেলের প্রার্থীরা হইতেছেন অধ্যাপক ক্যাটাগরীতে আনোয়ারুল আজিম আরিফ, সহযোগী অধ্যাপক ক্যাটাগরীতে ফয়জুল হক, সহকারী অধ্যাপক ক্যাটাগরীতে জাকির হোসেন এবং প্রভাষক ক্যাটাগরীতে ফসিউল আলম। একাডেমিক কাউন্সিল এবং ফিন্যান্স কমিটিতে গোলাপী প্যানেলের প্রার্থীরা হইতেছেন ডঃ মমতাজ উদ্দিন পাটোয়ারী, অধ্যাপক লুৎফর রহমান, ডঃ শাহীন আকতার, মফিজুর রহমান, শহীদুর রহমান, খন্দকার ইশতিয়াক হোসেন এবং ডঃ সালেহউদ্দিন।

সিন্ডিকেটে সাদা প্যানেলের প্রার্থীরা হইতেছেন ডঃ আ,ন,ম মুনীর আহমদ, গোলাম সরোয়ার চৌধুরী, তারেক ছফা ও নজরুল কাদির। একাডেমিক কাউন্সিল ও ফিনান্স কমিটিতে সাদা পানেলের প্রার্থীরা হইতেছেন আশরাফুল ইসলাম, শওকাতুল মেহের, মোহাম্মদ সালেহ জহুর, শাহরিয়ার কবির, প্রভাষক আশরাফুল ইসলাম এবং অধ্যাপক মোহাম্মদ আর্জহার।